পরকীয়া প্রেমিকার বাড়িতে গিয়ে জনতার হাতে আটক জামায়াতকর্মী



ছবি: সংগৃহীত

জামালপুরের সরিষাবাড়ীতে এক নারীর সঙ্গে দেখা করতে গিয়ে স্থানীয় লোকজনের হাতে আটক হয়েছেন বাবুল মিয়া (৪৫) নামে এক জামায়াতকর্মী।

শনিবার (১৩ নভেম্বর) মধ্যরাতে উপজেলার পিংনা ইউনিয়নের কাওয়ামারা এলাকায় এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, একই এলাকার এক চা বিক্রেতার স্ত্রীর সঙ্গে বাবুল মিয়ার সম্পর্ক ছিল। শুক্রবার রাতে ওই নারীর বাড়িতে গোপনে দেখা করতে গেলে বিষয়টি টের পান স্থানীয় লোকজন। পরে তাঁরা দুজনকে ঘিরে ফেলেন এবং বাবুল মিয়াকে আটক করেন। খবর ছড়িয়ে পড়লে সেখানে ভিড় জমে যায়।

খবর পেয়ে তারাকান্দি পুলিশ তদন্ত কেন্দ্রের সদস্যরা ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। পরে বাবুলকে উদ্ধার করে পুলিশ হেফাজতে নেওয়া হয়।

তদন্ত কেন্দ্রের ইনচার্জ মনিরুল ইসলাম জানান, ঘটনাস্থল থেকে বাবুলকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। পরে তাঁকে থানায় পাঠানো হয়েছে।

LENS ASIA